

প্রশ্ন- ৫ : ইবনে সামছ ৫নং দাবীতে বলেছে- “কোন অনুষ্ঠানে মাশায়িখ বা পীর অলীগণের রূহ হাযির হয় বলে বিশ্বাস করা কুফরী”। তার কথা সঠিক কিনা?

ফতোয়া : তার এই কথা দলীলবিহীন দাবী। তাই শরিয়ত মোতাবেক অগ্রাহ্য। কুফরী প্রমাণ করতে হলে অখন্ডনীয় দলীলের প্রয়োজন হয়। কিন্তু সে দলীল পেশ করেনি।

দলীল :

(ক) পীর, মাশায়েখ ও পবিত্র রূহ সম্পর্কে মোল্লা আলী ক্বারী (রহঃ) মিরকাত গ্রন্থে এবং আল্লামা মানাভী তাঁর তাইছির গ্রন্থে উল্লেখ করেছেন-

إِذَا تَجَرَّدَتِ النَّفُوسُ الْقُدْسِيَّةُ مِنَ الْعَلَائِقِ الْبَدَنِيَّةِ
اتَّصَلَتْ إِلَى الْمَلَاءِ الْأَعْلَى فَتَسِيرُ فِي أَقْطَارِ السَّمَوَاتِ

وَالْأَرْضِ حَيْثُ تَشَاءُ وَتَرَى وَتَسْمَعُ الْكُلَّ كَالْمُشَاهِدِ-

অর্থাৎ- “পবিত্র আত্মাসমূহ (অলী আল্লাহ) যখন শারিরীক বন্ধন থেকে মুক্ত হয়ে যায়- তখন উর্দ্ধজগতের ফিরিস্তাদের সাথে মিলিত হয়ে আসমান জমীনের যে কোন প্রান্তে ইচ্ছানুযায়ী ভ্রমণ করে থাকেন এবং জীবিত লোকদের ন্যায় সব কিছু দেখেন এবং শুনেন”।

লোকটিকে মনে হয় জাহেল। আলেম হলে এমন কুফরী বাক্য উচ্চারণ করতে পারতেনা।